

## যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

অধিবেশন নং- ০১

স্থান : উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা।

তারিখ : ২৪/০৮/২০২১ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ “পরিশিষ্ট” ক” তে সংযোজিত।

অদ্য ২৪/০৮/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সরদার মশিয়ার রহমান এর সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির চলতি অর্থ বছরের ১ম সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিমকে চলতি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব নিম্নোক্ত আলোচ্য সূচী উত্থাপন করেন।

আলোচ্য বিষয় :-

১। যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক।

২। প্রশিক্ষণ/ঋণ বিতরণ/ খেলাপী ঋণ আদায় সংক্রান্ত। ৩। বিবিধ।

ক্রঃনং	বিষয়/কারণ	বিবরণ	ফলাফল/সুপারিশ
০১.	যুব ও ক্রীড়া উন্নয়ন : উপজেলা পর্যায়ে ক্রীড়াকে আরও গতিশীল বা বেগবান করা , কারণ খেলাধুলার পরিমাণ বা প্রতিযোগিতা কমে যাওয়া। যুব সংগঠনের বেকার যুবরা খেলাধুলার মধ্যে ব্যস্ত থাকলে, মাদক, ইভিটিজিং, চুরি, ডাকাতিসহ নানা অপকর্ম থেকে বিরত থাকবে।	অত্র উপজেলার ২২টি যুব সংগঠনের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে তাদের সাথে যোগাযোগ/মতবিনিময় ও খেলাধুলার সরঞ্জামাদী সরবরাহের মাধ্যমে উদ্ভুদ্ধ করণ করা যায়। ফুটবল=২২টি, ১৭,০০০/-টাকা ভলিবল=১০টি=৭,০০০/-টাকা ও ক্রিকেট সেট=৫টি, ২৫,০০০/-টাকা। মোট ৪৯,০০০/- টাকার সরঞ্জামাদী ক্রয়ের প্রস্তাব করা হয়।	খেলাধুলার সরঞ্জামাদী সরবরাহ করা গেলে যুব সংগঠনগুলো ক্রীড়া জগতে কার্যকরী ভূমিকা রাখতে পারবে।
০২.	প্রশিক্ষণ : দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য আত্মকর্মসংস্থানে উদ্ভুদ্ধ করণ এবং বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রয়োজন।	২০২১-২০২২ অর্থবছরের জন্য উপজেলা পরিষদ থেকে অন্তত পক্ষে ০২ টি ব্যাচের প্রশিক্ষণ জন্য প্রস্তাব করা হয়। সম্ভাব্য প্রশিক্ষণ ব্যয় ৭০,০০০/টাকা।	প্রশিক্ষণ প্রদান করা হলে বেকার যুবরা আত্মকর্মী হিসেবে গড়ে উঠবে এবং নিজেরা আর্থিক ভাবে স্বাবলম্বী হবে।
০৩.	বিবিধ : পঞ্চবার্ষিকী পরিকল্পনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে অত্র কার্যালয়ের সকল বিষয় অবগত হওয়া সম্ভব।	সভাপতি মহোদয় অত্র কার্যালয়ের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেন।	সরকারের সকল পরিকল্পনা বাস্তবায়নের জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবমুখী ভূমিকা রাখবে।

উপরোক্ত কারণ বিবরণ ও সুপারিশের সমন্বয়ে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটিতে বিস্তারিত আলোচনা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

স্বাক্ষরিত

( সরদার মশিয়ার রহমান)

উপজেলা ভাইস চেয়ারম্যান

তালা, সাতক্ষীরা

তারিখ : ২৪/০৮/২১ খ্রিঃ

স্মারক নং- ৩৪.০১.৮৭৯০.০০০.৪৪.০৯০.১১-২৩৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।

০৩। চেয়ারম্যান..... ইউনিয়ন, তালা, সাতক্ষীরা।

০৪. অফিস কপি।

সদস্য সচিব



( মোঃ রেজাউল করিম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

তালা, সাতক্ষীরা।